

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়

ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-সি.জে.এম/ব্রাফ/-২০২২-৪১৪

তারিখঃ-০৫/০৭/২০২২ খ্রিঃ


## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা-এর স্মারক নং-২০৫৯(১৩), তারিখ ২০/০৩/২০১৬ খ্রিঃ মূলে প্রেরিত পত্রের প্রেক্ষিতে এবং মাননীয় জেলা জজ মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-৩৮৯/জি.এ. তারিখ ০৫/০৭/২০২২ খ্রিঃ মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসীতে (নতুন সৃজনকৃত আদালতসহ) নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত অস্থায়ী শূন্য পদগুলি সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে স্বহস্তে স্বাক্ষরিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	১০২০০-২৪,৬৮০/-	০২ (দুই) টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। খ) সাঁটলিপি লিখনে ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে গতি যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ এবং টাইপের গতি প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ হতে হবে। কম্পিউটারে বিশেষ দক্ষতাসম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে।
০২	বেঞ্চ সহকারী (নবসৃজিত সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ৪র্থ আদালত ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ৫ম আদালত, ব্রাহ্মণবাড়িয়া-এর মঞ্জুরীকৃত পদ)	৯৩০০-২২,৪৯০/-	০২	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
০৩	অফিস সহায়ক	৮,২৫০-২০,০১০/-	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৪	নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী)	৮,২৫০-২০,০১০/-	০২ (দুই) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

### শর্তাবলী

- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রকাশিত নির্ধারিত ফরমের আলোকে বর্ণিত তথ্যাদি পূরণ পূর্বক স্বহস্তে স্বাক্ষর করে আবেদন করতে হবে। ফরমটি [www.mopa.gov.bd/uploads/2015/archive/forms/admin-2015-01](http://www.mopa.gov.bd/uploads/2015/archive/forms/admin-2015-01) ঠিকানা হতে ডাইনলোড করা যাবে। প্রয়োজনে ফরমের আলোকে কম্পিউটার কম্পোজ করে আবেদন করা যাবে।
- দরখাস্তের সহিত প্রার্থীর বর্তমান নিজস্ব ঠিকানা সম্বলিত '৯.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি' মাপের খাম ১০ টাকা মূল্যের ডাকটিকিট সংযুক্তক্রমে দাখিল করতে হবে (প্রবেশপত্র ইস্যু করার জন্য)।
- আগামী ২৬-০৭-২০২২ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা এবং প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে ৩২ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের এবং পোষ্যদের আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/পিতা/মাতার/পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত একটি কপি যথাযথ কর্তৃপক্ষ স্বাক্ষরিত ও প্রতীক্ষাকরিত দাখিল করতে হবে। আবেদনকারী যে মুক্তিযোদ্ধার সন্তান এই মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগের ক্ষেত্রে সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।
- নিয়োগ পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচি উল্লেখপূর্বক প্রবেশপত্র যথাসময়ে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে।
- অনিবার্য কারণবশত এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ পরিবর্তন/ছগিত/বাতিল করা হলে সে বিষয়ে পত্রিকার মাধ্যমে অবগত করানো হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন/সংশোধন/বাতিল করতে পারবেন।
- সকল দরখাস্ত চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া-এর বরাবরে দাখিল করতে হবে।
- দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।  
আবেদন ফরমের সাথে প্রার্থীর ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রুদ্দিন ছবি সংযুক্ত করতে হবে। খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা, সাঁটলিপি ও কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র ও নাগরিকত্ব সনদ সংক্রান্ত কাগজাদির ছায়ালিপি দাখিল করতে হবে। গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূল কপি আবেদনের সহিত দাখিল করতে হবে। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উপরোক্ত কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে। আবেদনপত্রে আবেদনকারীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- খামের উপর প্রার্থীর পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে লিখতে হবে। আগামী ২৬-০৭-২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত সরাসরি/ডাকযোগে প্রাপ্ত আবেদন গ্রহণ করা হবে।



(মোঃ মাসুদ পারভেজ)

চেয়ারম্যান

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও  
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট  
ব্রাহ্মণবাড়িয়া।